

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১১২২

১/ বিবিধ

আরবী

أنا وامرأة سفعاء الخدين كهاتين يوم القيامة (وأوماً يزيد بن زريع بالوسطى والسبابة)  
: امرأة آمت من زوجها ذات منصب وجمال، حبست نفسها على يتاماها، حتى بانوا  
أوماتوا  
ضعيف

أخرجه أبو داود (5149) وأحمد (6/29) من طريق النهاس بن قهم قال: حدثني شداد  
أبو عمار عن عوف بن مالك مرفوعاً  
قلت: وهذا إسناد ضعيف، علته النهاس هذا قال الحافظ  
" ضعيف

বাংলা

১১২২। আমি ও পরিশ্রমের কারণে যে মহিলার দু'গালের রং পরিবর্তন হয়ে গেছে সে মহিলা কিয়ামতের দিন এ দুয়ের ন্যায় থাকবো (ইয়াযীদ ইবনু যুরায়' মধ্য ও শাহাদাত আংগুলি দিয়ে ইশারা করে দেখান) বংশ মর্যাদা ও সৌন্দর্যের অধিকারী সে মহিলা তার স্বামী হারা হয়ে বিধবা হয়ে গেছে, ফলে সে নিজেকে তার ইয়াতীম সম্ভানদেরকে লালন-পালন করার স্বার্থে পুনরায় বিয়ে করা হতে নিজেকে বিরত রেখেছে, তারা প্রতিষ্ঠা লাভ করা অথবা তার মৃত্যু না হওয়া পর্যন্ত।

হাদিসটি দুর্বল।

এটিকে আবু দাউদ (৫১৪৯), আহমাদ (২৩৪৮৬) আননাহাস ইবনু কাহম হতে, তিনি শাদ্দাদ আবু আম্মার হতে, তিনি আউফ ইবনু মালেক হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এর সমস্যা হচ্ছে আননাহস। তার সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72001>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন